



## ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বিজ্ঞপ্তি নং- ১৩৯/২০১৯

তারিখ : ০১ কার্তিক ১৪২৬  
১৭ অক্টোবর ২০১৯

**জনতা ব্যাংক লিমিটেড ও রূপালী ব্যাংক লিমিটেড-এ ‘কর্মকর্তা (সাধারণ)’ পদে সমন্বিতভাবে নিয়োগের উদ্দেশ্যে  
প্রার্থীদের MCQ Test এবং লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য Duplicate Admit Card ডাউনলোড প্রসঙ্গে।**

ব্যাংকার্স সিলেকশন কমিটির সদস্যভূক্ত ৭টি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে ‘কর্মকর্তা (সাধারণ)’ এর ৩,৪৬৩টি শূন্য পদে সমন্বিতভাবে নিয়োগের লক্ষ্যে ২৯/০৮/২০১৭ তারিখে বিজ্ঞপ্তি (নং-১১২/২০১৭) প্রচার করা হয়। পরবর্তীতে মামলাজনিত কারণে জনতা ব্যাংক লিমিটেড ও রূপালী ব্যাংক লিমিটেড এর নিয়োগ কার্যক্রম স্থগিত হওয়ায় অবশিষ্ট ৫টি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের মোট ২৫৭৪টি পদে সমন্বিতভাবে নিয়োগের কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন হয়েছে।

সমন্বিতভাবে ৭টি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে ‘কর্মকর্তা (সাধারণ)’ এর ৩,৪৬৩টি শূন্য পদে নিয়োগ বিজ্ঞপ্তি প্রচার করা হলেও MCQ Test গ্রহণ করার পূর্বেই মামলাজনিত কারণে জনতা ব্যাংক লিমিটেড এর ১৯০টি ও রূপালী ব্যাংক লিমিটেড এর ৬৯৯টি পদের নিয়োগ কার্যক্রম স্থগিত হওয়ায় ব্যাংক দুটির ৮৮৯টি পদে সমন্বিত নিয়োগ পরীক্ষা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। নিয়োগ পরীক্ষার জন্য নতুন করে দরখাস্ত আহ্বান করা হবে না। ইতোপূর্বে ৭টি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে ‘কর্মকর্তা (সাধারণ)’ পদে যে সকল প্রার্থী প্রবেশপত্র ডাউনলোড করেছিলেন তাদের প্রবেশপত্র পুনরায় বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে (<http://erecruitment.bb.org.bd>) আপলোড করা হয়েছে।

MCQ Test ও লিখিত পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীদের আগামী ৩১/১০/২০১৯ তারিখের মধ্যে শুধুমাত্র বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে হতে Duplicate Admit Card সংগ্রহের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে। পরীক্ষার তারিখ, সময় এবং পরীক্ষা কেন্দ্রের নাম ও ঠিকানা পরবর্তীতে বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে এবং জাতীয় দৈনিকের মাধ্যমে প্রকাশ করা হবে।

**উল্লেখ্য, নির্ধারিত তারিখের পরে কোনো অবস্থাতেই প্রার্থীদের প্রবেশপত্র সংগ্রহের সুযোগ থাকবে না এবং কেবলমাত্র Duplicate Admit Card ডাউনলোডকৃত প্রার্থীগণই পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।**

স্বাক্ষরিত

(মোহাম্মদ আলী)

মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক

ও

সদস্য-সচিব, বিএসসি